**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা
প্রশাসন শাখা
www.eedmoe.gov.bd

নং-৩৭.০৭.০০০০.০০৮.১১.৪৪৪.২২.১০৬২

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ / ১৩ অক্টোবর ২০২২

# নিয়োগপত্র

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.১১.২২৫.২০-১৭৬৬, তারিখ: ১৬/০৯/২০২০ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী বিভাগীয় নির্বাচন কমিটির ৩১/০৮/২০২২ তারিখের কার্যবিবরণীতে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে হিসাব-সহকারী-কাম ক্যাশিয়ার পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯৩০০-২২৪৯০/- টাকা (গ্রেড-১৬) বেতনক্রমে এবং সরকারি বিধি অনুযায়ী অন্যান্য আনুষঙ্গিক ভাতাদিসহ শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১ | ১৭০০০২৬৮৪ | নাম: শিবু দাস<br>পিতা: মিন্টু গোপাল দাস<br>মাতা: শিল্পী রানী দাস | গ্রাম/রাস্তা: রামনগর, ডাকঘর: রামনগর-৩৯২০, উপজেলা: দাগনভূঞা, জেলা: ফেনী |
| ২ | ১৭০০০৯২৭৬ | নাম: মোঃ ইমরান সিকদার<br>পিতা: চাঁন মিয়া সিকদার<br>মাতা: নাছিমা বেগম | গ্রাম/রাস্তা: রায়পাড়া সদরদী, ডাকঘর: ভাঙ্গা-৭৮৩০, উপজেলা: ভাঙ্গা, জেলা: ফরিদপুর |
| ৩ | ১৭০০০০৫৫২ | নাম: মোঃ কামরুল হাছান<br>পিতা: মোঃ আনোয়ার হোসেন<br>মাতা: মোসাঃ আম্বিয়া খাতুন | বাসা/হোল্ডিং: ০২, গ্রাম/রাস্তা: পাল্টিরাজাপুর, ডাকঘর: ছয়গ্রাম বাজার, উপজেলা: বুড়িচং, জেলা: কুমিল্লা |
| ৪ | ১৭০০০৮৯৪৪ | নাম: দেবব্রত অধিকারী<br>পিতা: আনিরুদ্ধ অধিকারী<br>মাতা: দুর্গা রানী অধিকারী | গ্রাম/রাস্তা: ভেড়াডহর, ডাকঘর: পাহাড়পুর-৩০৬০, জেলা: সুনামগঞ্জ |
| ৫ | ১৭০০১১১৭৫ | নাম: মশিউর রহমান<br>পিতা: আবু বকর ছিদ্দিক<br>মাতা: পিয়ারা বেগম | গ্রাম/রাস্তা: আল আমিন রোড, ডাকঘর: আফাজিয়া বাজার-৩৮৯১, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী |
| ৬ | ১৭০০০৭৪৯২ | নাম: তারেক হোসেন<br>পিতা: রবিউল হক<br>মাতা: আংকুরনাসা | বাসা/হোল্ডিং: শ্যাম্পু পাড়া, গ্রাম/রাস্তা: রামগড়, ডাকঘর: রামগড়, জেলা: খাগড়াছড়ি |
| ৭ | ১৭০০০২৩৮৭ | নাম: মো: রাসেল প্রধান<br>পিতা: মো: খোকন<br>মাতা: আনোয়ারা বেগম | গ্রাম: তেগুরিয়া (প্রধানীয়া বাড়ী)<br>ডাকঘর: পালাখাল<br>উপজেলা: কচুয়া, জেলা: চাঁদপুর |

**২. শর্তাবলী:**

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) নিয়োগাদেশাধীন ব্যক্তিকে নিজ ব্যবস্থাপনায় সংগৃহীত সিভিল সার্জন অথবা তৎকর্তৃক মনোনীত মেডিকেল অফিসার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সক্ষমতার সনদপত্র দাখিল করতে হবে;

(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ ১৮/০৯/২০১৮ খ্রি. মোতাবেক সরকারি চাকরিতে প্রবেশের সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার কর্তৃক স্বাস্থ্য বিষয়ক মাদকাশক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে;

(ঘ) নিয়োগাদেশাধীন ব্যক্তিকে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) ০৬ (ছয়) কপি, আবেদনপত্রে উল্লেখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, কোটার স্বপক্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রামানিক দলিলাদি এবং পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে;

(ঙ) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হওয়ার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত পদে যোগদানের সময় সরকারি অথবা আধাসরকারি সংস্থায় চাকরিরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;

(ছ) নিয়োগবিধির শর্তানুসারে যোগদানকৃত কর্মচারী ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল (প্রবেশনার) হিসেবে নিয়োজিত থাকবেন। শিক্ষানবীশকালীন তার আচার-আচরণ, দক্ষতা ও দাপ্তরিক কার্যাবলী সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগবিধি মোতাবেক তাঁর শিক্ষানবীশকাল বৃদ্ধি করতে পারবেন। উক্ত বর্ধিত সময়ের মধ্যে আচার-আচরণ, দক্ষতা ও দাপ্তরিক কার্যাবলী সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ (Removal from Service) করা হবে;

(জ) যোগদানকৃত কর্মচারীর চাকরি সরকারের প্রচলিত নিয়মনীতি এবং সংশ্লিষ্ট পদের নিয়োগবিধি ও অন্যান্য নিয়মানুযায়ী পরিচালিত হবে;

(ঝ) নিয়োগপত্রে সুনিদির্ষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় সরকারের প্রচলিত বিধি-বিধান/আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান/আদেশ দ্বারা প্রার্থীর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) চাকরিতে যোগদানের পর দাখিলকৃত কোন সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতীত নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ট) নিয়োগাধীন ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সম্পূর্ণরূপে সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশ প্রতিবেদন সন্তোষজনক হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে।

৩.০ উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে নিয়োগপ্রাপ্ত পদে আগামী ২৪/১০/২০২২ তারিখ অফিস চলাকালীন (সকাল ৮.০০ টা থেকে ০৩.০০ টার মধ্যে) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪.০ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ কিংবা অবস্থান ভাতা প্রদান করা হবে না।

৫.০ জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-
(শাহ্ নইমুল কাদের)
প্রধান প্রকৌশলী
ফোন ঃ ২২৩৩৮২৮৫৬

নং-৩৭.০৭.০০০০.০০৮.১১.৪৪৪.২২. ১০৬২ (৫৫)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯ / ১৩ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সিভিল সার্জন, ....................................জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/..................................... সার্কেল
০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫,পুরানা পল্টন, ঢাকা
০৮। উপপরিচালক (অর্থ),শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৯। নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/...................................... জেলা
১০। ডিভিশনাল একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,...................................... বিভাগ
১১। প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,.................................................. জেলা
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৪। প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৫। পরিচালকের ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৬। জনাব.........................................................., পিতা/স্বামীর নাম...........................................................
মাতার নাম................................................... গ্রাম:.........................................................
ডাকঘর:................................, উপজেলা:..................................................., জেলা:...............................
১৭। অফিস কপি।

২৩/১০/২০২২
(আসাদুজ্জামান)
উপপরিচালক (প্রশাসন)
ফোন নং- ০২-২২৩৩৮৭৭৬৯